

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮-২৮

মোহনপুর, ২৫ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন

মোহনপুর রাকে ভোটগ্রহণ কর্মীদের মহড়া

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ মোহনপুর রাকে ভোটগ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত এই মহড়ায় উপস্থিত ছিলেন মোহনপুর রাকের বিডিও তথা রিটার্নিং অফিসার ধৃতিশেখর রায়। মহড়ায় রিটার্নিং অফিসার রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশিকাগুলি ভোটগ্রহণ কর্মীদের নিকট তুলে ধরেন। মহড়ায় ৭ ১৭ জন ভোটগ্রহণ কর্মী, ১১ জন সেক্টর অফিসার, ৫ জন এআরও উপস্থিত ছিলেন। ত্রিপুরা কৃষি কলেজের সহকারি অধ্যাপক ড. সৌরভ দাস, ড. ত্রিদীপ ভট্টাচার্য, মোহনপুর স্বামী বিবেকানন্দ কলেজের সহকারি অধ্যাপক অভিজিৎ ভট্টাচার্য, প্রশান্ত দেব, এস কে এস জমাতিয়া, মোহনপুর বিদ্যালয় পরিদর্শক বন্ধন দেববর্মা, মান্দাহাই আর ডি রাকের অতিরিক্ত বিডিও পূজন সেন মহড়ায় ভোটগ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*